



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইউনিভার্সিটি এক্টিভেশন প্রোগ্রাম

STARTUP COMPASS এর উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৫ ফেব্রুয়ারি ২০২৩খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইউনিভার্সিটি এক্টিভেশন প্রোগ্রাম “STARTUP COMPASS” এর উদ্বোধন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগ ও বরিশাল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের যৌথ উদ্যোগে এ কর্মসূচির আয়োজন করা হয়। ৫ জানুয়ারি ২০২৩ তারিখ সকাল ৯ টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে কর্মসূচির উদ্বোধন করেন প্রধান অতিথি বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। আইসিটি ডিভিশনের আইডিইএ প্রজেক্টের প্রজেক্ট ডিরেক্টর (যুগ্ম-সচিব) মোঃ আলতাফ হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ও নেটওয়ার্কিং এন্ড আইটি অফিসের পরিচালক রাহাত হোসাইন ফয়সাল। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ডেপুটি প্রজেক্ট ডিরেক্টর (উপ-সচিব) ড. মোঃ মিজানুর রহমান। অনুষ্ঠানে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান মোঃ ইরফান, সহকারী অধ্যাপক ড. মোঃ মঞ্জুর আহমেদসহ বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মুখা
প্রশাসনিক কর্মকর্তা
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়